ঝিনাইদহে বিএনপির দুই গ্রুপের সংঘর্ষ, উভয় পক্ষের আহত ১০

ঝিনাইদহের কালীগঞ্জে বিএনপির দুই গ্রপের সংঘর্ষ ও বোমা বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়েছে। আহতদের মধ্যে ৬জনকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) রাত ৭টার দিকে উপজেলার কোলা বাজারে এই ঘটনা ঘটে।

জানাগেছে, কালীগঞ্জ উপজেলা বিএনপিতে কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ সমর্থিত উপজেলা যুবদল নেতা জলিল রানা ও কোলা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শুকুর আলীর মধ্যে কোলা বাজার ও আঞ্চলিক আধিপত্য বিস্তার নিয়ে বেশকিছুদিন ধরে দ্বন্দ্ব চলে আসছিল। সম্প্রতি একটি জমি দখল নিয়ে উভয় গ্রুপের মধ্যে দ্বন্দ্ব চরমে রুপ নেয়। আজ শুক্রবার সন্ধ্যার পরে কোলা বাজারের বিভিন্ন জায়গায় ৩টি বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। এরপর দুইগ্রুপের সদস্যরা সংঘর্ষে লিপ্ত হয়।

আহতরা হলো কোলা ইউনিয়নের খালকুলা গ্রামের ইলিয়াস মোল্লার ছেলে ও ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শুকুর আলী মোল্লা (৬০), নওয়াব আলীর ছেলে সিদ্দিক(৪০), কোলা গ্রামের আমজেদ মন্ডলের ছেলে জলিল রানা (৪৫), পার খালকুলা গ্রামের নুর আলীর ছেলে সাজ্জাদুর রহমান (৩৫), কোলা গ্রামের রোকমান খা’র ছেলে নজরুল ইসলাম (৫০)।

এছাড়াও অন্যান্য আহতদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান, আজ শুক্রবার সন্ধ্যায় কোলা বাজারে শুকুর গ্রুপ ও জলিল গ্রুপের মুখোমুখি সংঘর্ষ হয়। এ সময় বিকট আওয়াজে এলাকা প্রকম্পিত হয়।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মানিক কুমার জানান, আধিপত্ত বিস্তার করা নিয়ে এই সংর্ঘষ হয়েছে বলে ধারাণা করা হচ্ছে। এ ঘটনায় এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। বোমা বিস্ফোরণের বিষয়ে খতিয়ে দেখা হচ্ছে।